



কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

ঋণ ও অগ্রিম বিভাগ

ঋণ পরিপত্র নম্বর- ০১/২০১৭

তারিখ : ১৩ ফেব্রুয়ারি ২০১৭

ব্যবস্থাপক

কর্মসংস্থান ব্যাংক

প্রধান শাখা, ঢাকা।

বিষয় : কর্মসংস্থান ব্যাংক, প্রধান শাখা, ঢাকা-এর ব্যবস্থাপকের ব্যবসায়িক ক্ষমতা পুনঃনির্ধারণসহ

প্রধান শাখা, ঢাকাকে মহাব্যবস্থাপক (পরিচালন) এর অধীনে ন্যস্তকরণ।

প্রধান শাখা, ঢাকা-এর মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য কর্মসংস্থান ব্যাংক পরিচালনা বোর্ডের ০৭ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখে অনুষ্ঠিত ২৪১তম সভায় প্রধান শাখা, ঢাকা-এর ব্যবস্থাপকের ব্যবসায়িক ক্ষমতা পুনঃনির্ধারণসহ প্রধান শাখা, ঢাকাকে মহাব্যবস্থাপক (পরিচালন)-এর অধীনে ন্যস্তকরণের প্রস্তাব উপস্থাপন করা হলে বোর্ড কর্তৃক নিম্নরূপভাবে অনুমোদিত হয় :

(ক) ঋণপ্রবাহ বৃদ্ধি এবং সার্বিক কার্যক্রম তদারকি করার লক্ষ্যে প্রধান শাখা, ঢাকাকে আঞ্চলিক কার্যালয়, ঢাকা-এর পরিবর্তে প্রধান কার্যালয়ের পরিচালন মহাবিভাগের মহাব্যবস্থাপকের অধীনে ন্যস্তকরণ ;

(খ) প্রধান শাখা, ঢাকা এর ব্যবস্থাপক হিসেবে সিনিয়র প্রিন্সিপাল অফিসার-এর পরিবর্তে সহকারী মহাব্যবস্থাপক পদমর্যাদার কর্মকর্তা পদায়ন;

(গ) পর্ষদ সচিবালয়-এর পরিপত্র নং-পস-০১/২০১৭, তারিখ: ২২.০১.২০১৭ এর মাধ্যমে জারীকৃত আঞ্চলিক ব্যবস্থাপকের ন্যায় ব্যবসায়িক ক্ষমতা প্রধান শাখা, ঢাকা-এর ব্যবস্থাপককে প্রদান ;

(ঘ) প্রধান শাখা, ঢাকা এর ব্যবস্থাপকের বার্ষিক কর্মসম্পাদন মূল্যায়ন প্রতিবেদন (APER) লিখন, নৈমিত্তিক ছুটি, ভ্রমণবিল/ভাতা, যাতায়াত খরচ ইত্যাদি অনুমোদন মহাব্যবস্থাপক (পরিচালন) এবং ব্যবস্থাপক ও শাখার কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক কর্মসম্পাদন মূল্যায়ন প্রতিবেদন (APER) প্রতিস্বাক্ষরের দায়িত্ব যথাক্রমে ব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক (পরিচালন)-এর উপর ন্যস্তকরণ ;

(ঙ) প্রধান শাখা, ঢাকা কর্তৃক ঋণ প্রস্তাব প্রধান কার্যালয়-এর ঋণ ও অগ্রিম বিভাগে এবং অন্যান্য বিবরণ প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ ;

(চ) প্রধান শাখা, ঢাকার ব্যবস্থাপকের ঋণ মঞ্জুরির ব্যবসায়িক ক্ষমতার উর্ধ্বে ঋণের ক্ষেত্রে শাখা ব্যবস্থাপককে সরেজমিনে তদন্তপূর্বক সুনির্দিষ্ট সুপারিশ/মতামতসহ প্রস্তাব প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। তবে ১০.০০ (দশ) লক্ষ টাকার উর্ধ্বে ঋণের ক্ষেত্রে শাখা ব্যবস্থাপক কর্তৃক যথাযথভাবে মূল্যায়নপূর্বক মতামতসহ প্রস্তাব প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। উক্ত প্রস্তাব প্রাপ্তির পর শাখা ব্যবস্থাপকসহ প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগের প্রতিনিধির সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক সরেজমিনে পরিদর্শন করে পূর্ণাঙ্গ প্রতিবেদন/ সুপারিশ দাখিল।

০২। উপর্যুক্ত নির্দেশনা সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে পরিপালনের জন্য অনুরোধ করা হলো।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

(গৌতম সাহা)

উপ-মহাব্যবস্থাপক

☎: ০২-৯৫৭১৭৭৯

সূত্র নম্বর : কেবি/প্রকা/ঋঅবি/নীতি-০১(০১)(অংশ-০৪)/২০১৬-২০১৭/৬৮৫(২১)

তারিখ : ১৩ ফেব্রুয়ারি ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে ওয়েবসাইট থেকে পরিপত্রের কপি সংগ্রহের জন্য অনুরোধ করা হলো :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/পরিচালন/হিসাব/নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৩। সকল উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৪। উপ-মহাব্যবস্থাপক, আইটি ও প্রকৌশল বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে সন্নিবেশিত করার জন্য অনুরোধ করা হলো ;
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানব সম্পদ বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাকে অনুচ্ছেদ নম্বর-০১ (খ) এ বর্ণিত নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো ;
- ০৬। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী ;
- ০৭। সকল সহকারী মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী ;
- ০৮। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক ;
- ০৯। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয় ও জনসংযোগ বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ১০। সকল শাখা ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক ;
- ১১। অফিস নথি।

(মোহা: জেবুন নাহার নাছরিন)

সিনিয়র প্রিন্সিপাল অফিসার

বেকার যুবদের বিশেষ বন্ধু।

প্রধান কার্যালয়: ১, রাজউক এডিনিউ, ঢাকা-১০০০। ফোন: ০২-৯৫৬৩৩১১, ফ্যাক্স: ০২-৯৫৭৭৫৯৪। www.karmasangsthanbank.gov.bd